

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
ভোলা সদর, ভোলা।  
www.sadar.bhola.gov.bd

স্মারক নং- ০৫.১০.০৯১৮.০০০.১২.০০৩.২৪.

৪০৩


তারিখঃ ২৭ ভাদ্র ১৪৩১  
০১ সেপ্টেম্বর ২০২৪

### পুনঃবিজ্ঞপ্তি

মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং- ৪৮.০০.০০০০.০০৮.১৪.২৯৮(৪).২৩.৪৫৬ তারিখ: ১৪.০৫.২০২৪ খ্রি. মোতাবেক "অসচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের জন্য আবাসন নির্মাণ (১ম সংশোধিত)" শীষক প্রকল্পের আওতায় আবাসনের জন্য বরাদ্দ পেতে আগ্রহী অসচ্ছল বীর মুক্তিযোদ্ধা/শহীদ/প্রয়াত বীর মুক্তিযোদ্ধার বিধবা স্ত্রী ও সন্তানদের নিকট থেকে দরখাস্ত আহবান সংক্রান্ত ইতোমধ্যে জারিকৃত বিজ্ঞপ্তিটির সময়সীমা অনিবার্য কারণবশত বৃদ্ধি করা হলো। বর্ধিত সময়ের মধ্যে নির্ধারিত ফরমে পুনরায় দরখাস্ত আহবান করা যাচ্ছে।

### শর্তাবলীঃ

- ১.১। অসচ্ছল বীর মুক্তিযোদ্ধা যিনি বা তাঁর ওয়ারিশগণ আবাসন প্রাপ্তির জন্য আবেদন করবেন তাঁর অনুকূলে অবশ্যই মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক স্বীকৃত (ওয়েব সাইটে প্রকাশিত ভারতীয় তালিকা/লালমুক্তির্বাতা অথবা মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত চূড়ান্ত তালিকা) বীর মুক্তিযোদ্ধাদের তালিকায় নাম থাকতে হবে।
- ১.২। যে সকল অসচ্ছল বীর মুক্তিযোদ্ধা, শহীদ/ প্রয়াত বীর মুক্তিযোদ্ধার বিধবা স্ত্রী ও সন্তান, ইতোপূর্বে এ মন্ত্রণালয় বা কোন সরকারি দপ্তর/সংস্থা হতে প্লট/ফ্ল্যাট/ আবাসন বরাদ্দ পাননি বা আবাসনের জন্য কোন ঋণ পাননি, তারাই আলোচ্য প্রকল্পের আওতায় আবাসন বরাদ্দ প্রাপ্তির জন্য যোগ্য হবেন এবং আবেদন করতে পারবেন।
- ১.৩। বীর মুক্তিযোদ্ধা মৃত হলে তাঁর উত্তরাধীকারদের সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান/পৌরসভার ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক ওয়ারিশ সনদ দাখিল করতে হবে।
- ১.৪। বীর মুক্তিযোদ্ধার জাতীয় পরিচয়পত্র/ জন্মসনদ/ এসএসসি পাশের সনদপত্র দাখিল করতে হবে। বীর মুক্তিযোদ্ধা মৃত হলে আবেদনকারীর ও মুক্তিযোদ্ধার সম্পর্ক নির্ণয় করে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান/পৌরসভার ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রত্যয়নপত্র এবং আবেদনকারীর জাতীয় পরিচয়পত্র/ জন্মসনদ দাখিল করতে হবে।
- ১.৫। মৃত বীর মুক্তিযোদ্ধার একাধিক স্ত্রী/ সন্তান থাকলে কার নামে বাড়ি বরাদ্দ চান তা উল্লেখ করে ৩০০/= টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প যে কোন একজনকে ক্ষমতা প্রদান করে আবেদনপত্রের সাথে মূল কপি দাখিল করতে হবে। তবে স্থায়ীভাবে চলৎশক্তিহীন/প্রতিবন্ধীদের (দৃষ্টি প্রতিবন্ধী/শারীরিকভাবে কাজ করতে অক্ষম) ক্ষেত্রে এই শর্ত কমিটির বিবেচনায় শিথিলযোগ্য হবে।
- ১.৬। আবেদনকারীদের নির্ধারিত ফরমে আগামী ৩০/০৯/২০২৪ খ্রি: তারিখের মধ্যে উপজেলা সমাজসেবা কার্যালয় ভোলা সদর, ভোলায় আবেদন জমা প্রদান করতে হবে। আবেদন ফরম মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইটে পাওয়া পাবে।

  
০১/০৯/২০২৪

(সজল চন্দ্র শীল)

উপজেলা নির্বাহী অফিসার

ভোলা সদর, ভোলা

☎ ০৪৯১-৬১৩১৮

ই-মেইল- [unobhola@mopa.gov.bd](mailto:unobhola@mopa.gov.bd)

ও

সভাপতি

অসচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের আবাসন বরাদ্দের জন্য  
সুবিধাভোগী নির্বাচন বিষয়ক কমিটি  
ভোলা সদর, ভোলা।

সদয় অবগতির জন্যঃ

০১। জেলা প্রশাসক, ভোলা।

০২। উপজেলা প্রকৌশলী (এলজিইডি), ভোলা সদর, ভোলা।

০৩। উপজেলা সমাজসেবা অফিসার, ভোলা সদর, ভোলা।

০৪। জনাব

✓ ০৫। নোটিশ বোর্ড, জেলা মুক্তিযোদ্ধা কমান্ড কাউন্সিল, ভোলা।

০৬। নোটিশ বোর্ড, উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ড কাউন্সিল, ভোলা সদর, ভোলা।

০৭। অফিস কপি।